গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫
www.warpo.gov.bd

স্মারক নম্বর: ৪২.০২.০০০০.০০৯.১৬.০০১.২২.১৮১

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে প্রচারপত্র বিতরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার ২.৩.১ এর কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচার কার্যক্রমের লক্ষ্য নির্ধারন করা হয়েছে।

এমতাবস্থায় উক্ত কার্যক্রমের নিমিত্ত পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) কর্তৃক প্রস্তুতকৃত প্রচারপত্র মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরসমূহে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-০৮-২০২৩
বদরুল হাসান লিটন
পরিচালক (পরিকল্পনা)
৪৪৮১৯০০২ (ফ্যাক্স)
dir_plan@warpo.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (ভূপরিস্থ পানি) , পানি সম্পদ শাখা , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (নৌপরিবহন), প্রকৌশল শাখা , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (কৃষি) , প্রকৌশল শাখা , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (ভূগর্ভস্থ পানি), পানি সম্পদ শাখা , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
৫। বৈজ্ঞানিক কর্মকর্তা (পানি) , প্রকৌশল শাখা , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
৬। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রোগ্রামার), কম্পিউটার ও তথ্য শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ) এবং
৭। গ্রন্থাগারিক , কম্পিউটার ও তথ্য শাখা , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।

স্মারক নম্বর: ৪২.০২.০০০০.০০৯.১৬.০০১.২২.১৮১/১ (৪)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;
২। উপসচিব, প্রশাসন-১ শাখা ও তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়;
৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), ওয়ারপো এবং
৪। একান্ত সচিব , মহাপরিচালকের দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।



১০-০৮-২০২৩
বদরুল হাসান লিটন
পরিচালক (পরিকল্পনা)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Procharpatro

পানি সম্পদ মন্ত্রণালয়
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)

# তথ্য অধিকার আইন - ২০০৯



# তথ্য অধিকার আইন- ২০০৯ এর লক্ষ্য

বাংলাদেশের সংবিধান অনুযায়ী নাগরিকদের তথ্য প্রাপ্তি, চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার অধিকার নিশ্চিতকরণ

জনগণ প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক সে লক্ষ্যে নাগরিকদের ক্ষমতায়ন

দুর্নীতি হ্রাস এবং স্বচ্ছতা ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারী, স্বায়ত্তশাসিত এবং বিদেশী অর্থে পরিচালিত বেসরকারী সংস্থার জবাবদিহিতা নিশ্চিতকরণ

## তথ্য প্রাপ্তির পদ্ধতি

(১) তথ্য অধিকার আইনে যে কোনো নাগরিক তথ্য প্রাপ্তির জন্য ফরম "ক" অনুযায়ী লিখিতভাবে বা ইলেক্ট্রনিক মাধ্যম বা ই-মেইলে অনুরোধ করতে পারবেন ।

(২) উপ-ধারা (১) এ উল্লেখিত অনুরোধ নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে, যথাঃ-

(অ) অনুরোধকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে, ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা;

(আ) যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;

(ই) অনুরোধকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী;

এবং

(ঈ) কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ পরিদর্শন করা, অনুলিপি নেয়া, নোট নেয়া বা অন্য কোন পদ্ধতিতে।

(৩) আবেদনকারী যদি ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য না পায় বা প্রাপ্ত তথ্যে অসন্তুষ্ট হন, তাহলে পরবর্তী ৩০ দিনের মধ্যে উর্ধ্বতন কর্মকর্তা বরাবর নির্ধারিত ফরমে আপীল আবেদন করতে পারেন;

## তথ্য প্রদান পদ্ধতি

(১) আবেদনকারীর কাছে ২০-৩০ কর্মদিবসের মধ্যে তথ্য প্রেরণ করতে হবে।

(২) কোন তথ্য প্রদানযোগ্য না হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ১০ কর্মদিবসের মধ্যে আবেদনকারীকে অবহিত করবেন;

(৩) আপীল দায়ের এবং গ্রহণের পরে ৩০ কর্মদিবসের মধ্যে সকল প্রক্রিয়া শেষ করে আবেদনকারীর কাছে তথ্য প্রদান করতে হবে।

**প্রচারে- পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)**